

## সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৫০ [আন্তর্জাতিক নম্বরঃ ৫২]

২/ ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩৯/ দ্বীন রক্ষাকারীর ফজিলত

### باب فَضْلِ مَنْ اسْتَبْرَأَ لِدِينِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ، حَدَّثَنَا زَكَرِيَّا، عَنْ عَامِرٍ، قَالَ سَمِعْتُ النُّعْمَانَ بْنَ بَشِيرٍ، يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " الْحَلَالُ بَيْنَ وَالْحَرَامِ بَيْنَ، وَيَنْتَهُمَا مُشَبَّهَاتٌ لَا يَعْلَمُهَا كَثِيرٌ مِنَ النَّاسِ، فَمَنْ اتَّقَى الْمُشَبَّهَاتِ اسْتَبْرَأَ لِدِينِهِ وَعَرْضِهِ، وَمَنْ وَقَعَ فِي الشُّبُهَاتِ كَرَّاعٍ يَرْعَى حَوْلَ الْحِمَى، يُوشِكُ أَنْ يُوَاقِعَهُ. أَلَا وَإِنَّ لِكُلِّ مَلِكٍ حِمًى، أَلَا إِنَّ حِمَى اللَّهِ فِي أَرْضِهِ مَحَارِمُهُ، أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ، وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ. أَلَا وَهِيَ الْقَلْبُ ".

বাংলা

৫০। আবু নু'আয়ম (রহঃ) ... নু'মান ইবনু বশীর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, 'হালালও স্পষ্ট এবং হারামও স্পষ্ট। আর এ দু'য়ের মাঝে রয়েছে বহু সন্দেহজনক বিষয়- যা অনেকেই জানেনা। যে ব্যক্তি সেই সন্দেহজনক বিষয়সমূহ থেকে বেঁচে থাকবে, সে তার দ্বীন ও মর্যাদা রক্ষা করতে পারবে। আর যে সন্দেহজনক বিষয়সমূহে লিপ্ত হয়ে পড়ে, উদহারন সে রাখালের ন্যায়, যে তার পশু বাদশাহ্র সংরক্ষিত চারণভূমির আশে পাশে চরায়, অচিরেই সেগুলো সেখানে ঢুকে পড়ার আশংকা রয়েছে। জেনে রাখ যে, প্রত্যেক বাদশাহ্রই একটি সংরক্ষিত এলাকা রয়েছে। আরো জেনে রাখ যে, আল্লাহর যমীনে তাঁর সংরক্ষিত এলাকা হল তাঁর নিষিদ্ধ কাজসমূহ। জেনে রাখ, শরীরের মধ্যে একটি মাংসের টুকরা আছে, তা যখন ঠিক হয়ে যায়, গোটা শরীরই তখন ঠিক হয়ে যায়। আর তা যখন খারাপ হয়ে যায়, গোটা শরীরই তখন খারাপ হয়ে যায়। জেনে রাখ, সে মাংসের টুকরোটি হল কলব।

## English

The superiority of that person who leaves all doubtful (unclear) things for the sake of his religion

Narrated An-Nu'man bin Bashir: I heard Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) saying, 'Both legal and illegal things are evident but in between

them there are doubtful (suspicious) things and most of the people have no knowledge about them. So whoever saves himself from these suspicious things saves his religion and his honor. And whoever indulges in these suspicious things is like a shepherd who grazes (his animals) near the Hima (private pasture) of someone else and at any moment he is liable to get in it. (O people!) Beware! Every king has a Hima and the Hima of Allah on the earth is His illegal (forbidden) things. Beware! There is a piece of flesh in the body if it becomes good (reformed) the whole body becomes good but if it gets spoilt the whole body gets spoilt and that is the heart.

## ব্যাখ্যা

এ হাদীসে একটি উল্লেখযোগ্য ও অত্যন্ত প্রাসঙ্গিক দৃষ্টান্ত যোগ হয়েছে। দৃষ্টান্তটির সারাংশ এই যে, আরবগণ তাদের গবাদি পশুর জন্য নির্দিষ্ট চারণভূমি সংরক্ষণ করত। অনুমতি ছাড়া অন্য কোন অননুমোদিত রাখাল তাতে গবাদি পশু চরালে তার বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা ছিল। শাস্তির ভয়ে সতর্ক সাধারণ রাখালগণ সেই সংরক্ষিত চারণভূমি হতে দূরে রেখে তাদের গবাদি পশু চরাত। ফলে তাদের পশু সংরক্ষিত চারণভূমিতে প্রবেশ করতে পারত না বলে তারা নিরাপদে থাকত। অসতর্ক সাধারণ রাখালেরা দুঃসাহস করে কোন পশু সংরক্ষিত চারণভূমিতে প্রবেশ করার ফলে তারা ঘোষিত শাস্তি হতে নিরাপদ থাকতে পারত না। এই দৃষ্টান্তের প্রেক্ষিতে বলা হয়েছে যে, মহান আল্লাহ্ হলো প্রকৃত জগৎ-পাল আর তাঁর সংরক্ষিত চারণভূমি হলো তাঁর নিষেধাবলী। সেই নিষেধাবলী হতে সতর্কতার সাথে অবস্থান না করলে তাতে পতিত হয়ে শাস্তি প্রাপ্ত হওয়ার আশঙ্কা বিরাজমান। হাদীসের শেষাংশে কলব বা অন্তরের গুরুত্বের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। ‘কলব’ এজন্যই বলা হয় যেহেতু তাতে বিভিন্ন প্রকার রূপ পরিবর্তন অত্যন্ত স্বাভাবিক। এ কলব বা অন্তরই দেহের আসল বস্তু। অন্তরের সুস্থতার উপর দেহের সুস্থতা অনেকাংশে নির্ভরশীল। আর অন্তরের পীড়া সহজেই দেহকে পীড়িতরূপে পতিত করে। হাদীসের এ অংশে অন্তরের মর্যাদার প্রতি গুরুত্বারোপ করা হয়েছে এবং অন্তরকে নির্মল, স্বচ্ছ, সুস্থ ও মোহমুক্ত রাখার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন